# বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

স্মারক নং- ১৪.৩২.০০০০.৮০০.৩৬.০০১.২১.৯৭

তারিখঃ ১০ চৈত্র, ১৪২৭ বঃ / ২৪ মার্চ, ২০২১ খ্রিঃ

**বিষয়: আইএসপি লাইসেন্সের আওতায় কার্যক্রম সংক্রান্ত জরুরী নির্দেশনা।**

সূত্র: (১) বিটিআরসি'র পত্র নং- ১৪.৩২.০০০০.৮০০.৩৬.০০১.১৮.১৯১০; তারিখঃ ০২/১১/২০২০ খ্রিঃ।
(২) বিটিআরসি'র পত্র নং- ১৪.৩২.০০০০.৮০০.৩৬.০০৫.১৮.১৭৩২; তারিখ: ২৫/১১/২০১৮ খ্রিঃ।
(৩) বিটিআরসি'র পত্র নং- ১৪.৩২.০০০০.৮০০.৩৬.০০২.১৪.৮১৩; তারিখ: ২৪/০৪/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রসমূহের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, কমিশন থেকে বিভিন্ন সময়ে সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট বিভাগ/ শাখা হতে লাইসেন্সধারী আইএসপি প্রতিষ্ঠান সমূহের অপারেশনাল কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালীন সময়ে দেখা যায় যে, কমিশনের লাইসেন্সধারী আইএসপি প্রতিষ্ঠানসমূহ ব্যতীত সারাদেশে পাড়া-মহল্লায় বিভিন্ন নামে অসংখ্য লাইসেন্সবিহীন সংস্থা/ প্রতিষ্ঠান/ ব্যক্তি অবৈধভাবে ইন্টারনেট সেবা প্রদান করছে। এই অবৈধ ইন্টারনেট ব্যবসায়ীদের স্থাপনাটি লাইসেন্সধারী আইএসপি প্রতিষ্ঠানসমূহ তাদের PoP বা Reseller বা Distributor ঘোষণা করে অবৈধভাবে ইন্টারনেট সেবা প্রদানের সুযোগ করে দিচ্ছে, যার প্রেক্ষিতে অবৈধ টেলিযোগাযোগ স্থাপনার সংখ্যা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। উক্ত অবৈধ/ অনুমোদনবিহীন স্থাপনাসমূহে আইএসপি কার্যক্রম পরিচালনা করা আইএসপি লাইসেন্সিং গাইডলাইন ও বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর ব্যত্যয়।

২। ইতোপূর্বে, সূত্রস্থ পত্রসমূহ মোতাবেক লাইসেন্সধারী আইএসপি প্রতিষ্ঠানসমূহকে সুষ্ঠুভাবে অপারেশন কার্যক্রম পরিচালনার লক্ষ্যে সময়ে সময়ে নির্দেশনাসমূহ জারি করা হলেও আইএসপি প্রতিষ্ঠানসমূহ উহার যথাযথ প্রতিপালন করছে না। এমতাবস্থায়, জাতীয় নিরাপত্তার স্বার্থে এবং আইএসপি ব্যবসায় সুষ্ঠু পরিবেশ বজায় রাখার লক্ষ্যে সকল ধরণের আইএসপি প্রতিষ্ঠানসমূহকে নিম্নবর্ণিত নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে বলা হলোঃ

ক) সকল আইএসপি প্রতিষ্ঠানকে তাদের অনুমোদিত PoP সমূহে লাইসেন্সের কপি, গ্রাহকের বিলের কপি, গ্রাহক তালিকা (হার্ড কপি ও সফট্ কপি), বাড়ি ভাড়ার চুক্তিপত্র, PoP পরিচালনাকারীর/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, জাতীয় পরিচয়পত্র, ফোন নম্বর, স্থাপিত যন্ত্রপাতির তালিকা সংরক্ষণ করতে হবে।

খ) কমিশন কর্তৃক অনুমোদিত লাইসেন্সধারী আইএসপি'র প্রতিটি PoP সাইটে নিজস্ব সাইনবোর্ড থাকতে হবে, এক্ষেত্রে অন্য কোন নাম/ সাইন/ ব্রান্ড ব্যবহার করা যাবে না; একই সাথে প্রতিটি আইএসপি'কে তাদের অনুমোদিত PoP এর বিস্তারিত তালিকা নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করার জন্য বলা হলো। PoP স্থাপন/ বাতিল/ ঠিকানা পরিবর্তনের ক্ষেত্রে সূত্রস্থ পত্র-২ এ উল্লিখিত নিয়ম যথাযথ অনুসরণ পূর্বক কমিশনের Data Information System (DIS) পোর্টালে PoP সংক্রান্ত তথ্য হালনাগাদ করতে হবে। কোন প্রতিষ্ঠানের সকল PoP এর ব্যান্ডউইথ উক্ত প্রতিষ্ঠানটির NOC হতে সরবরাহ করতে হবে।

গ) কোন আইএসপি'র বরাদ্দপ্রাপ্ত/ ঘোষণাকৃত IP Address বা Autonomous System (AS) নম্বর অন্য আইএসপি কর্তৃক লীজ/ পুনঃবরাদ্দ/ ব্যবহারের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের মধ্যে যথাযথভাবে চুক্তিপত্র সম্পাদনপূর্বক চুক্তিপত্রের কপি কমিশনের ইএন্ডও বিভাগে দাখিল করতে হবে এবং নিবন্ধিত অফিস ঠিকানাসহ অনুমোদিত PoP সমূহে সংরক্ষণ করতে হবে।

ঘ) ইন্টারনেট সেবা প্রদানকারী ISP লাইসেন্সধারী ব্যক্তি/প্রতিষ্ঠান স্যাটেলাইট ব্রডকাষ্টিং চ্যানেল সার্ভিস/ক্যাবল টিভি ব্যবসা পরিচালনা করতে পারবে না এবং স্যাটেলাইট ব্রডকাষ্টিং চ্যানেল সার্ভিস/ক্যাবল টিভি ব্যবসা পরিচালনাকারীকে ইন্টারনেট সেবা প্রদান কাজে নিয়োগ প্রদান বা নিযুক্ত করা যাবে না।

ঙ) লাইসেন্সপ্রাপ্ত ইন্টারনেট সেবা প্রদানকারী প্রতিষ্ঠানকে সেবা প্রদানের ক্ষেত্রে বাধা প্রদান কিংবা কোন প্রকার প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না। ISP প্রতিষ্ঠানের মধ্যে প্রতিযোগিতার পরিবেশ বজায় রাখতে হবে যাতে গ্রাহকগণ তাদের পছন্দ অনুযায়ী ইন্টারনেট



ফোন ঃ +৮৮ ০২ ৯৬১১১১১, ফ্যাক্স ঃ +৮৮ ০২ ৯৫৫৬৬৭৭, ৯৫৬৭৭৫৫, ই-মেইল ঃ info@btrc.gov.bd, ওয়েব ঃ www.btrc.gov.bd

সংযোগ গ্রহণ ও বর্জন করতে পারে। এরূপ কোন বিষয় পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে লাইসেন্স বাতিলসহ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

চ) এলাকা ভিত্তিক নামে-বেনামে গড়ে ওঠা বিভিন্ন Association/ সংস্থা/ সমিতি/ কল্যাণ সংস্থার সাথে মিলে কিছু আইএসপি প্রতিষ্ঠান অন্য লাইসেন্সধারী আইএসপিদের সংশ্লিষ্ট এলাকায় ইন্টারনেট সেবা প্রদানে বাঁধা প্রদান করছে। ফলে লাইসেন্সধারী আইএসপি প্রতিষ্ঠানসমূহ লাইসেন্স থাকা সত্ত্বেও সংশ্লিষ্ট এলাকায় ইন্টারনেট সেবা প্রদানে ব্যর্থ হচ্ছে মর্মে আইএসপিএবি কর্তৃক জানানো হয়েছে। এ বিষয়ে লাইসেন্সধারী সকল আইএসপি প্রতিষ্ঠানসমূহকে এ ধরণের কার্যক্রম হতে বিরত থাকার জন্য অনুরোধ করা হলো।

৩। এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকলকে এই নির্দেশনা যথাযথ প্রতিপালনের জন্য নির্দেশনা প্রদান করা হলো। উপরোল্লিখিত নির্দেশনাসমূহের ব্যত্যয় হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে 'বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১' অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে।

৪। **বিষয়টি অতীব জরুরী।**

২৪/০৬/২২

(মাহরীন আহসান)
উপ-পরিচালক
ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশনস্ বিভাগ
ই-মেইলঃ mahreen@btrc.gov.bd

**বিতরণঃ**

১) চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা/ প্রোপাইটর, সকল Nationwide ISP, Central Zone ISP এবং Zonal ISP, এবং ক্যাটাগরী- A/ B/ C অপারেটর)।

২) সভাপতি/ সাধারণ সম্পাদক, ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার এসোসিয়েশন অব বাংলাদেশ (আইএসপিএবি), বাড়ি-২, লেভেল-৪, রোড-২৮, ব্লক-কে, বনানী, ঢাকা-১২১৩।

**অনুলিপিঃ**

১) মহাপরিচালক (সকল), বিটিআরসি।

২) পরিচালক (ইএন্ডআই), বিটিআরসি।

৩) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব/ ভাইস-চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তাবৃন্দ, বিটিআরসি (ইহা মহোদয়গণের সদয় অবগতির জন্য)।

৪) চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা, সকল IIG অপারেটর।

৫) সভাপতি/ মহাসচিব, ইন্টারন্যাশনাল ইন্টারনেট গেটওয়ে এসোসিয়েশন অব বাংলাদেশ (আইআইজিএবি), বাড়ি-২, লেভেল-৪, রোড-২৮, ব্লক-কে, বনানী, ঢাকা-১২১৩।

৬) অফিস কপি।




ফোন ঃ +৮৮ ০২ ৯৬১১১১১, ফ্যাক্স ঃ +৮৮ ০২ ৯৫৫৬৬৭৭, ৯৫৬৭৭৫৫, ই-মেইল ঃ info@btrc.gov.bd, ওয়েব ঃ www.btrc.gov.bd